

## সুরা ফীল এর হস্তীবাহিনীর ঘটনা

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়াবারাকাতুল্হ  
বিসমিল্লাহির রহমানির রাহীম

আবরাহা সাবাহ হাবসী সম্রাট নাজ্জাশী হাবসের পক্ষ হতে ইয়েমেনের গভর্নর ছিল। যখন দেখলো যে, আরববসী কা'বা ঘরে হজ্জ পালন করছে এবং একই উদ্দেশ্যে বিভিন্ন দেশ হতে লোকজন সেখানে আগমন করছে তখন সানায় সে একটি বিরাট গীর্জা নির্মাণ করলো এবং সে গীর্জাকে কেন্দ্র করে হজ্জ পালন করার জন্য আরব বাসীকে আহ্বান জানালো। কিন্তু বনু কেনানা গোত্রের লোকজন যখন এই সংবাদ অবগত হলো তখন তারা একরাতে গোপনে গীর্জায় প্রবেশ করে তার সামনের দিকে 'মল' এর প্রলেপ দিয়ে সে জায়গা নোংরা করে ফেলল।

উক্ত ঘটনায় আবরাহা ক্রোধান্বিত হয় এবং প্রতিশোধ গ্রহনার্থে কা'বা ঘর ধ্বংস করার উদ্দেশ্যে প্রায় ষাট হাজার অস্ত্র সজ্জিত সৈন্যের এক বিশাল বাহিনী নিয়ে মক্কা অভিমুখে অগ্রসর হয়। সে নিজে একটি শক্তিশালী হাতীর পিঠে আরোহন করে। সৈন্যদের কাছে মোট নয়টি মতান্তরে তেরটি হাতী ছিল।

আবরাহা ইয়েমেন হতে অগ্রসর হয়ে “আল মোগাম্মাস” নামক স্থানে পৌঁছে এবং সেখানে তার সৈন্যবাহিনীকে আক্রমণের জন্য প্রস্তুত করে মক্কায় প্রবেশের উদ্দেশ্যে সামনে অগ্রসর হলো। অতঃপর যখন মুজদালিফা এবং মিনার মধ্যবর্তী স্থানে “ওয়াদিয়ে মোহাসসারে” পৌঁছালো তখন আব্রাহার হাতীটি মাটিতে বসে পড়ল।

কা'বা অভিমুখে অগ্রসর হওয়ার জন্য কোনভাবেই তাকে উঠানো সম্ভব হলো না। অথচ উত্তর, দক্ষিণ কিংবা পূর্বমুখে তাকে যাওয়ানোর জন্য চেষ্টা করলে সে তৎক্ষণাৎ উঠে দৌড়াতে শুরু করত।

এমন সময় আল্লাহ তায়ালা এক ঝাঁক ছোট পাখি প্রেরণ করলেন। কুরআন মজীদে সে পাখীগুলোকে “আবাবিল” বা ঝাঁকে ঝাঁকে পাখি বলে উল্লেখ করা হয়েছে। সে পাখীগুলো পাথরের ছোট ছোট টুকরো বয়ে এনে সৈন্যদের উপর নিক্ষেপ করতে লাগলো। প্রত্যেকটি পাখি তিনটি করে পাথরের টুকরো বা কঙ্কর নিয়ে আসত- একটি ঠোঁটে অন্য দু'টি দু'পায়ে। কংকরগুলো আকারে ছিল বুটের সমান। কিন্তু কংকরগুলো শরীরে যেখানে লাগতো সে অঙ্গ ফেটে সেখান থেকে রক্ত প্রবাহিত হতে হতে সে মরে যেত।

উক্ত কংকর দ্বারা সকলেই যে আঘাতপ্রাপ্ত হয়েছিল এমনটি নয়। কিন্তু এ অলৌকিক ঘটনায় সকলেই ভীষণভাবে আতংকগ্রস্ত হয়ে পড়ে এবং প্রাণ ভয়ে সে স্থান ছেড়ে পালানোর উদ্দেশ্যে যখন বেপরোয়াভাবে ছুটাছুটি শুরু করে পদতলে পিষ্ট হয়ে অনেকেই মৃত্যুবরণ করে। কংকরের আঘাতে ছিন্নভিন্ন এবং পদতলে পিষ্ট হয়ে দু'ভাবেই পলকে পলকে বিরপুরুষগণ মৃত্যুর কোলে ঢোলে পরতে থাকে।

অন্যদিকে আরবাহার উপর আল্লাহ তা'য়ালার এমন এক কঠিন 'মসিবত' প্রেরণ করলেন যে তার অঙ্গুল সমূহের জোড়া খুলে গেল এবং "সানা" নামক স্থানে যেতে না যেতেই সে পাখির বাচ্চার মতো হয়ে পড়ে। অতঃপর তার বক্ষ বিদীর্ণ হয়ে হৃদপিণ্ড বেরিয়ে আসে এবং সে মৃত্যুমুখে পতিত হয়।

মক্কা অভিমুখে আব্রাহার অভিযানের সংবাদ অবগত হয়ে মক্কাবাসী প্রাণভয়ে ইতস্তত বিক্ষিপ্ত হয়ে পলায়ন করে পাহাড়ের কিংবা পর্বত চূড়ায় আশ্রয় গ্রহণ করেছিল। অতঃপর যখন তারা অবগত হল যে আবরাহা এবং তার বাহিনী সমূলে ধ্বংসপ্রাপ্ত হয়েছে তখন তারা স্বস্তির নিঃশ্বাস ফেলে নিজ নিজ গৃহে প্রত্যাবর্তন করেন।

